যুগান্তর

তারিখ ০6 OCT 2016
পৃষ্ঠা ৩ ... কলাম ৮

এসএসসি-এইচএসসিতে সৃজনশীল প্রশ্ন

# পরামর্শক কমিটির বৈঠক ডেকেছে শিক্ষা মন্ত্রণালয়

**যুগান্তর রিপোর্ট**

শিক্ষার মানোন্নয়নে পরামর্শক কমিটির বৈঠক ডেকেছে শিক্ষা মন্ত্রণালয়। আগামী ৯ অক্টোবর সচিবালয়ে ওই বৈঠক অনুষ্ঠিত হবে। এসএসসি-এইচএসসি পরীক্ষায় সৃজনশীল অংশে বর্ধিত প্রশ্ন কমানোর ইস্যুতে শিক্ষার্থীদের আন্দোলনের পরিপ্রেক্ষিতে এ বৈঠক ডাকা হয়েছে বলে জানা গেছে।

বিষয়টি নিশ্চিত করে মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব চৌধুরী মুফাদ আহমেদ যুগান্তরকে বলেন, এ কমিটির পরামর্শের পরিপ্রেক্ষিতেই ২০১৫ সালের আগস্টে পাবলিক পরীক্ষায় ৭টি সৃজনশীল প্রশ্ন রাখার সিদ্ধান্ত হয়। তারা তখন এমসিকিউ সম্পর্কে দুটি পরামর্শ দিয়েছিলেন। একটি হচ্ছে, পরীক্ষার শুরুতে এমসিকিউ পরীক্ষা নেয়া। অপরটি এমসিকিউ অংশের প্রশ্ন ধীরে ধীরে কমানো। প্রথম পরামর্শ ইতিমধ্যে বাস্তবায়ন করা হয়েছে। দ্বিতীয় পরামর্শ মতোই এমসিকিউ নম্বর ৩০ করা হয়েছে। কিন্তু কিছু শিক্ষার্থী এ নিয়ে আপত্তি তুলেছে। এ কারণে আমরা আবার পরামর্শকদের নিয়ে বৈঠক করব।